

বিমানের ঢাকা-রোম ফ্লাইট চালু হচ্ছে ২৭ মার্চ

- A Monitor Desk Report

Date: 09 March, 2024



ঢাকা: আগামী ২৭ মার্চ থেকে রোম ঢাকা রোম রুটে আবারও চালু হচ্ছে বাংলাদেশ বিমানের চলাচল। বুধবার (৬ মার্চ) এ উপলক্ষে বাংলাদেশ বিমান রোমে এক বর্ণাঢ্য অনুষ্ঠান আয়োজন করে।

ডিস্টালের সহযোগিতায় আয়োজিত এ অনুষ্ঠানে বাংলাদেশ বিমানের পরিচালক মার্কেটিং এন্ড সেলস মোহাম্মদ সালাউদ্দিন প্রধান অতিথি ছিলেন।

তিনি বলেন, বাংলাদেশ বিমানকে ইউরোপের ট্রাফিক পয়েন্ট হিসেবে নিয়ে আমরা কাজ করতে চাই। বাংলাদেশ বিমান যাত্রীদের সেবা নিশ্চিত করে সঠিক সময়ে চলাচল করবে এ রুটে।

বিশেষ আমন্ত্রণে এই অনুষ্ঠানে আসেন বাংলাদেশ প্রেস ক্লাব ইতালির সভাপতি আফজাল হোসেন রোমান, সাধারণ সম্পাদক এম ডি রিয়াজ হোসেন, সদ্য প্রাক্তন সভাপতি খলিল কাওসার শাহিন, যুগ্ম সম্পাদক শিমুল রহমান, প্রচার সম্পাদক সজীব আহমেদ রিয়ন ও সদস্য হাসান মাহমুদ উপস্থিত ছিলেন। বিমানের কর্মকর্তাদের সাথে বিভিন্ন বিষয়ে আলোচনা করেন বাংলাদেশ প্রেস ক্লাবের সভাপতি সাধারণ সম্পাদক প্রমুখ।

দীর্ঘ ৯ বছর বন্ধ থাকার পর প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে এই রুটে বিমান চালু হচ্ছে। ডিস্টালের কার্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ বিমানের ম্যানেজার কমার্শিয়াল প্রিচিং রেজাউল হক, এজেন্সি ইন্টারলাইন ম্যানেজার শফিউদ্দিন আহমেদ, ডিস্টালের ভাইস প্রেসিডেন্ট ফ্রান্সিসকো ভেনিজুয়েয়ান, সিইও ফ্রান্সিসকো স্পামবেল্লুরি ও সিএসবি ট্রাভেলসের কর্ণধার বিশিষ্ট ব্যবসায়ী ইকবাল আহমেদ বাবুসহ আরও অনেকে।

আগামী ২৬শে মার্চ দিবাগত রাত সাড়ে ৩টায় বাংলাদেশ থেকে রোমের উদ্দেশ্যে বিমান ছেড়ে আসবে এবং ইতালির রাজধানী রোমে এসে পৌঁছাবে সকাল সাড়ে ৮টায়। বাংলাদেশ বিমান ২৭ মার্চ সকাল ১০টায় ঢাকার উদ্দেশ্যে ছেড়ে যাবে। উল্লেখ্য, ইতালিতে ২ লক্ষাধিক

বাংলাদেশির বসবাস রয়েছে।

-B